কালের কণ্ঠ

তারিখ ..... 26 MAY 2016
পৃষ্ঠা ...2... কলাম ...2... ......

# কথা কবিতা গানে নজরুল স্মরণ

## জন্মজয়ন্তীর উৎসব শুরু

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

মেঘমেদুর পরিবেশে পালিত হলো জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মদিনের উৎসব। সাম্য, প্রেম ও দ্রোহের কবি নজরুলের ১১৭তম জন্মজয়ন্তী ছিল গতকাল বুধবার। এবার জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠান হয়েছে চট্টগ্রামে। রাজধানীসহ সারা দেশেই ছিল কবির জন্মদিন উপলক্ষে নানা আয়োজন।

**নিজস্ব প্রতিবেদক**, চট্টগ্রাম থেকে জানান, চট্টগ্রামে 'নজরুল স্মৃতিকেন্দ্র' নির্মাণের ঘোষণা দিয়েছেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। গতকাল বুধবার দুপুরে নগরের এম এ আজিজ স্টেডিয়াম চত্বরে আয়োজিত জাতীয় পর্যায়ে অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিন দিনব্যাপী এ অনুষ্ঠান প্রতিদিন সন্ধ্যা থেকে শুরু হয়ে রাত ১০টা পর্যন্ত চলবে বলে জানিয়েছেন আয়োজকরা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের উপস্থিত থাকার কথা ছিল। কিন্তু বিরূপ আবহাওয়াজনিত কারণে তিনি অনুষ্ঠানে না যেতে পারলেও বাণী পাঠান। রাষ্ট্রপতি তাঁর বাণীতে বলেন, 'কাজী নজরুল ইসলাম তাঁর কবিতা, গান ও সাহিত্যকর্মের মধ্য দিয়ে বাংলা সাহিত্যে নবজাগরণ সৃষ্টি করেছিলেন। তাঁর কণ্ঠে উচ্চারিত হয়েছিল পরাধীনতা, সাম্প্রদায়িকতা, শোষণ, বঞ্চনা ও ধর্মান্ধতার বিরুদ্ধে মুক্তির গান। নজরুলের লেখনী আমাদের প্রতিটি মুক্তি সংগ্রামে প্রেরণা দিয়েছে। আমার দৃঢ়বিশ্বাস, নতুন প্রজন্ম নজরুলচর্চার মধ্য দিয়ে নিজেদের সমৃদ্ধ করতে পারবে। পাশাপাশি এ চর্চার মধ্য দিয়ে দেশ গড়ার অবদানও রাখতে পারবে।'

অনুষ্ঠানে সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেন, 'চট্টগ্রামের নদী, পাহাড় ও প্রাকৃতিক পরিবেশ কবির লেখনীতে ফুটে উঠেছে।'



অনুষ্ঠানে আরো বক্তব্য দেন বিশেষ অতিথি চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দিন ও জাতীয় কবির পৌত্রী খিলখিল কাজী। এতে স্মারক বক্তব্য দেন কবি ও সাংবাদিক আবুল মোমেন।

এদিকে গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদ কমপ্লেক্সের পাশে নজরুলের সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করে বিভিন্ন সংগঠন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নজরুল গবেষণা কেন্দ্রের আয়োজনে ইমেরিটাস প্রফেসর ড. আনিসুজ্জামানের সভাপতিত্বে 'নজরুল-প্রাসঙ্গিকতা' শিরোনামে বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার আর্টস মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন ড. মোহাম্মদ আবদুল আজিজ। মুখ্য বক্তা ছিলেন ইমেরিটাস প্রফেসর ড. রফিকুল ইসলাম।

শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে ছিল নজরুলকে নিয়ে নানা পরিবেশনা। গান, নাচ আর আবৃত্তি দিয়ে সাজানো হয় এ আয়োজন। বাংলা একাডেমির কবি শামসুর রাহমান সেমিনারকক্ষে ছিল নজরুল বিষয়ক একক বক্তৃতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। 'বাংলা গানে নব আধুনিকতার প্রবর্তনায় কাজী নজরুল' শীর্ষক একক বক্তৃতা দেন অধ্যাপক মনিরুজ্জামান। সভাপতিত্ব করেন গবেষক অধ্যাপক মোহাম্মদ আবদুল কাইউম। শিল্পকলা একাডেমিতে ছিল নজরুল একাডেমির চার দিনের অনুষ্ঠানমালার দ্বিতীয় দিন।

চ্যানেল আই প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় 'এবি ব্যাংক-চ্যানেল আই নজরুল মেলা-১৬'। মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চ্যানেল আইয়ের পরিচালক ও বার্তাপ্রধান শাইখ সিরাজ, পরিচালনা পর্ষদ সদস্য জহিরউদ্দিন মাহমুদ মামুন, মুকিত মজুমদার বাবু, এবি ব্যাংকের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট সৈয়দ মিজানুর রহমান, আতাউর রহমান, হাশেম খান, আবদুল মান্নান, আলী ইমাম, মুহাম্মদ জাহাঙ্গীর, ভাস্কর রাসা প্রমুখ।

**নিজস্ব প্রতিবেদক**, ময়মনসিংহ থেকে জানান, ত্রিশালে দরিরামপুর নজরুল মঞ্চে তিন দিনব্যাপী অনুষ্ঠান শুরু হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী।

**রংপুর অফিস জানিয়েছে,** কবির জন্মজয়ন্তী উপলক্ষে রংপুরে স্মৃতিস্তম্ভের উদ্বোধন করা হয়েছে। রংপুর সিটি করপোরেশনের উদ্যোগে নগরের মুলাটোল এলাকায় গতকাল বুধবার স্মৃতিস্তম্ভ 'নজরুল চত্বর'-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন মেয়র সরফুদ্দীন আহম্মেদ ঝন্টু।